সংবাদ

তারিখ 27 JAN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারি শিক্ষা-প্রতিষ্ঠান অধ্যাদেশ '০৮ বহাল রাখার দাবি শিক্ষক-কর্মচারীদের

**নিজস্ব বার্তা পরিবেশক**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ২০০৮ বহাল রাখার জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছে শিক্ষক কর্মচারী সমন্বয় ঐক্য পরিষদ। গত ২৪ জানুয়ারি এক বিবৃতিতে তারা এই দাবি জানান। বিবৃতিতে তারা আগামীতে সহজে ছাত্রছাত্রীদের কাছে বই পৌঁছাতে হলে জাতীয় পাঠ্যপুস্তক বোর্ডকে বেসরকারিকরণ করারও দাবি জানানো হয়। শিক্ষক সমিতির মহাসচিব ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী সমন্বয় ঐক্য পরিষদের প্রধান সমন্বয়ক মোহাম্মদ নজরুল ইসলাম রনি, শিক্ষক সমিতির সভাপতি সাজেদা বেগম, অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যক্ষ খালেকুজ্জামান, কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মঞ্জুরুল আমিন শেখর, প্রধান শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ নুরুল ইসলাম, সহকারী শিক্ষক সমিতির মহাসচিব মোহাম্মদ বাসির উদ্দিন, ব্যবসায় শিক্ষা শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ রফিকুল ইসলাম এক যুক্ত বিবৃতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ২০০৮-এর শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি মনোনয়নে জেলা প্রশাসকের ক্ষমতা খর্ব করে বাকি অংশ বহাল রেখে অধ্যাদেশটি জাতীয় সংসদে অনুমোদনের জন্য প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।